



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

ই-মেইল : bbacollege@gmail.com

www.bbagc.edu.bd

তারিখ: ১৩/০৫/২০২৪ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২১-২০২২/৫১৯৯
তারিখ: ০৮/০৫/২০২৪ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের অনলাইন প্রাথমিক আবেদন আগামী ১৪/০৫/২০২৪ তারিখ হতে ২৭/০৫/২০২৪ তারিখ পর্যন্ত চলবে। আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট www.nu.ac.bd/admission-এ প্রবেশ করে প্রাথমিক আবেদন সংগ্রহ করতে হবে। আবেদন ফরম দাখিলের সময় প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ছবি আপলোড করতে হবে। প্রাথমিক আবেদন ফি ৩০০/- (তিনশত) টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) “নগদ Bill Pay”, “বিকাশ Education Fee” বা “উপায় Education Fee” এর মাধ্যমে ১৫/০৫/২০২৪ হতে ২৮/০৫/২০২৪ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে পরিশোধ করতে হবে।

প্রাথমিক আবেদন ফি জমাদান প্রক্রিয়া: (প্রাথমিক আবেদন ফি অনলাইন আবেদনের ২৪ ঘন্টা পর জমা দেয়া যাবে)

ধাপ ১: Nagad বা Bkash অথবা Upay এ Login করতে হবে।

ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay, বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।

ধাপ ৪: Enter Student ID এর স্থানে ৭ ডিজিটের Admission Roll (ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমের Admission Roll) এন্ট্রি দিতে হবে।

ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

বি.দ্র : ১) আবেদন ফি পরিশোধ ব্যতীত প্রাথমিক আবেদন নিশ্চয়ন (Confirm) হবে না।

২) ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম ও টাকা জমার রশিদ সংরক্ষণ করতে হবে।

৩) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হওয়ায় কোন শিক্ষার্থীকে এ সংক্রান্ত কাজে কলেজ ক্যাম্পাসে আসতে হবে না।

২৭/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইল নম্বরে প্রাথমিক আবেদন নিশ্চয়নের ম্যাসেজ না পেলে অথবা জরুরি প্রয়োজনে নিম্নোক্ত শিক্ষক-কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো:

ক্রমিক	শিক্ষক-কর্মকর্তাগণের নাম	পদবী	মোবাইল নম্বর
০১	জনাব রোকসানা শিরিন	সহযোগী অধ্যাপক, বাংলা	০১৬২৮-৫৭০১৪৮
০২	জনাব কাজী সুরাইয়া আকতার	সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা	০১৭১০-৯৫৬৮৫৭
০৩	জনাব রোকেয়া রহমান	প্রভাষক, ইংরেজি	০১৭২১-৩৬৬৯৬৬

অধ্যক্ষ 13.5.2024

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।